

আবোল তাবোল

আয়রে ভোলা খেয়াল-খোলা
স্বপনদোলা নাচিয়ে আয়,
আয়রে পাগল আবোল তাবোল
মত্ত মাদল বাজিয়ে আয় ।
আয় যেখানে খ্যাপার গানে
নাইকো মানে নাইকো সুর ।
আয়রে যেথায় উধাও হাওয়ায়
মন ভেসে যায় কোন্ সুদূর ।

আয় খ্যাপা-মন ঘুচিয়ে বাঁধন
জাগিয়ে নাচন তাধিন্ ধিন্,
আয় বেয়াড়া সৃষ্টিছাড়া
নিয়মহারা হিসাবহীন ।
আজ্জুবি চাল্ বেঠিক বেতাল
মাত্‌বি মাতাল রস্মেতে—
আয়রে তবে ভুলের ভবে
অসম্ভবের ছন্দেতে ॥